# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 02.07.2024** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) উত্তর দিনাজপুরের চোপড়ায় বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে দুই তরুণ তরুণীকে সালিশি সভায় মারধরের ঘটনায় রাজ্য রাজনীতি উত্তাল। রাজ্যপাল আজ সেখানে যাচ্ছেন।

২) সারা দেশে নতুন চালু হওয়া তিনটি ফৌজদারি আইনে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে নারী সুরক্ষার ওপর।

৩) রাজ্যের পঞ্চায়েত দফতর, নির্দিষ্ট সময়ের মধ্যে মৃত কর্মীর পরিজনকে চাকরি দিতে তৎপর হয়েছে।

৪) উত্তর পশ্চিম বঙ্গোপসাগর সংলগ্ন ওড়িশা ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপকূলে ঘনীভূত নিম্নচাপ এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের সর্বত্রই বৃষ্টি হচ্ছে।

৫) মোহনবাগান সুপার জায়ান্ট আজ কলকাতা প্রিমিয়ার লীগে তাদের প্রথম ম্যাচে ভবানীপুর ক্লাবের বিরূদ্ধে খেলবে।

---

উত্তর দিনাজপুরের চোপড়ায় বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে দুই তরুণ তরুণীকে সালিশি সভায় মারধরের ঘটনায় রাজ্য রাজনীতি উত্তাল।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, নির্যাতিতা যুগলের সঙ্গে কথা বলার জন্য আজ চোপড়া যাবেন। সকালে দিল্লী থেকে বিমানে তাঁর বাগডোগরা যাওয়ার কথা। সেখান থেকেই সড়ক পথে চোপড়া যাবেন তিনি।

এর আগে ঐ ঘটনায় তীব্র নিন্দা ব্যক্ত করে শ্রী বোস রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন। পরে এক ভিডিও বার্তায় রাজ্যের সর্বত্র হিংসা, গণপিটুনিতে মৃত্যু সহ একাধিক বিষয়ে পুলিশের ভূমিকা নিয়ে সরব হন তিনি।

বাইট রাজ্যপাল

এদিকে চোপড়ার ঘটনায় রাজ্য পুলিশ সেখানকার আইসিকে কারণ দর্শানোর নোটিশ জারি করে। এছাড়াও পুলিশ স্বতঃপ্রোণোদিত হয়ে মামলা রুজু করেছে বলে জেলা পুলিশ সুপার জোবি থমাসকে জানিয়েছেন।

বাইট আইসি

অন্যদিকে, মারধরের ঐ ঘটনায় মূল অভিযুক্ত তৃণমূল কংগ্রেস কর্মী তাজিমুল হক ওরফে জেসিবে-কে গতকাল পাঁচদিনের পুলিশি হেফাজতে পাঠানো হয়।

এই ঘটনায় চোপড়ার বিধায়ক হামিদুর রহমানের বক্তব্য নিয়ে শুরু হয়েছে বিতর্ক। বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা জানান, যে ভিডিও প্রকাশ্যে এসেছে, তা মধ্যযুগীয় বর্বরতাকে মনে করিয়ে দেয়।

রাজ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বাংলায় ৩৫৫ ধারা জারির দাবিতে সরব হন। কোচবিহার ও চোপড়ায় হিংসার ঘটনার তদন্ত সিবিআই-এর হাতে তুলে দেওয়ার জন্য তিনি উদ্যোগ নেবেন বলে জানান।

বাইট শুভেন্দু

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, যেকোনো ঘটনায় নীতি পুলিশি করার কোনো অধিকার তৃণমূল কংগ্রেসের নেই।

বাইট অধীর

যদিও রাজ্যে আইনের শাসন আছে বলেই পুর ও নগোরন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন।

বাইট ফিরহাদ

এদিকে, মারধররে ভিডিও ভাইরাল হওয়ার ২৪ ঘন্টার মধ্যেই নির্যাতিত তরুণ-তরুণীর স্বাস্থ্য পরীক্ষা করা হয়। ঐ মহিলা সাংবাদিকদের জানান, যে এই ভিডিও করেছে, তার বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। ভিডিওগ্রাফি করার সন্দেহে এক গ্রামবাসীকে চিহ্নিত করে তার বাড়িতে তালা লাগিয়ে দিয়েছে অভিযুক্ত তাজিমুলের পরিজন।

অন্যদিকে শুধুমাত্র এই ঘটনাই নয়, জেসিবির বিরুদ্ধে আরও বেশ কয়েকটি এধরনের ঘটনার অভিযোগ সামনে এসেছে। সে গ্রেপ্তার হতেই মারধরের পুরনো কয়েকটি ভিডিও সমাজমাধ্যমে ঘোরাফেরা করছে।

-----------------------------

সারা দেশে নতুন চালু হওয়া তিনটি ফৌজদারি আইন ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়মে নারী সুরক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। গতকাল এক সাংবাদিক বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ

বলেন, গণ ধর্ষণের মত ঘৃণ্য অপরাধের ক্ষেত্রে ২০ বছরের জেল বা যাবজ্জীবন কারাদন্ডের কথা বলা হয়েছে। শিশুদের ধর্ষণের শাস্তি হিসাবে মৃত্যুদন্ডের সংস্থান থাকছে।

বাইট অমিত

সাম্প্রতিক সময়ে দেশে গনপ্রহারে মৃত্যু প্রসঙ্গে শ্রী শাহ জানান, এতদিন গনপিটুনিতে মৃত্যু হলে পুলিশ খুন বা খুনের চেষ্টার ধারায় মামলা রুজু করে তদন্ত করত। তবে নতুন আইনে গণপ্রহারকে আলাদা ধারায় চিহ্নিত করা হয়েছে। এই অপরাধে মৃত্যুদন্ড প্রদানের সংস্থানও রাখা হয়েছে নতুন আইনে।

এদিকে, কলকাতা পুলিশের অধীনস্ত এলাকায় নতুন আইনে প্রথম মামলা রুজু হয়েছে বাঁশদ্রোণী থানায়। আর্থিক প্রতারণার প্রথম মামলা রুজু হয়েছে। লালবাজার সূত্রের খবর গতকাল সন্ধ্যা পর্যন্ত ভারতীয় ন্যায় সংহিতার নতুন ধারায় কলকাতাতেই প্রায় ২০০টির বেশি মামলা রুজু হয়েছে।

---------------------------

রাজ্যের পঞ্চায়েত দফতর, নির্দিষ্ট সময়ের মধ্যে মৃত কর্মীর পরিজনকে চাকরি দিতে তৎপর হয়েছে। নিয়মানুযায়ী রাজ্যে সরকারের কোনও কর্মী কর্মরত অবস্থায় মারা গেলে অথবা শারীরিক অক্ষমতার কারণে মেয়াদ শেষের আগেই অবসর নিতে বাধ্য হলে তাঁর পরিবারের এক সদস্য সেই চাকরি পাওয়ার যোগ্য। তবে তা পেতে অনেকগুলি প্রশাসনিক প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয়। যা নিয়ে হয়রানির শিকার হওয়ার একাধিক অভিযোগ উঠেছে। এমনটা যাতে না হয়, তা নিশ্চিত করতে জেলাগুলিকে আরও বেশি সংবেদনশীলভাবে কাজ করার পরামর্শ দেওয়া হয়েছে। জেলা আধিকারিকদের জানিয়ে

দেওয়া হয়েছে যে, অফিসের প্রধানকে মৃত কর্মীর পরিবারের সঙ্গে যোগাযোগ করতে হবে। নিয়ম অনুযায়ী মৃত্যুর অন্তত ২ বছরের মধ্যে যোগ্য ব্যক্তির চাকরির জন্য আবেদন করতে হয়। তার জন্য কী করণীয় তা বিস্তারিত ভাবে কর্মীর পরিবারকে জানাতে হবে। এই কাজের জন্য একজন বিশেষ অফিসারকে নিযুক্ত করতে হবে। তিনি ওই কর্মীর পরিবারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখবেন এবং আবেদনের জন্য যেসব নথিপত্র প্রয়োজন, তা কীভাবে এবং কোথা থেকে সংগ্রহ করবেন, সেসব বিষয়ে সাহায্য করবেন। সংশ্লিষ্ট অফিসে আবেদন জমা পড়ার ৩০ দিনের মধ্যে তা রাজ্য সরকারের কাছে পাঠাতে বলা হয়েছে।

---------------------------

কেন্দ্রীয় সরকার এবছরও পাটের সহায়ক মূল্য বৃদ্ধি করেছে। কলকাতায় গতকাল ভারতীয় পাট নিগম বা জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার ম্যানেজিং ডায়রেক্টর অজয় কুমার জলি গতকাল জানিয়েছেন, পাটের সহায়ক মূল্য কুইন্টাল প্রতি ৫ হাজার ৩৩৫টাকা ধার্য করা হয়েছে। গত বছর যা ছিল কুইন্টাল প্রতি ৫হাজার ৫০ টাকা। তিনি বলেন, বাজারে পাটের মূল্য কমে গেলে কেন্দ্রীয় সরকারের নোডাল এজেন্সি হিসেবে ভারতীয় পাট নিগম সরকার নির্ধারিত নূন্যতম সহায়ক মূল্যে কৃষকদের থেকে পাট কিনে থাকে। রাজ্যে নিগমের ১১০টি স্থায়ী কেন্দ্র থেকে পাট কেনা হয়। কাছাকাছি বিক্রয় কেন্দ্র না থাকার কথা ফোন করে জানালে পাট নিগমের প্রতিনিধিরা গিয়ে তাদের থেকে পাট কিনবে। শ্রী জলি কৃষকদের কোন গুজবে কান না দিয়ে সরাসরি পাট নিগমের কাছে পাট বিক্রি করার আবেদন জানিয়েছেন।

এদিকে পাট চাষীদের সুবিধার্থে 'পাট মিত্র' নামে একটি অ্যাপ চালু করা হয়েছে। এই অ্যাপের মাধ্যমে পাট চাষীরা ন্যূনতম সহায়ক মূল্য, পাট নিগমের বিক্রয় কেন্দ্র সহ বিভিন্ন তথ্য জানতে পারবেন।

---------------------------

রাজ্যে বর্ষার আগমনের সঙ্গে সঙ্গে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়তে শুরু করেছে। স্বাস্থ্য দফতর সূত্রে খবর, রাজ্যের ১৬টি জেলায় ডেঙ্গু আক্রান্ত হওয়ার খবর মিলেছে। গত সপ্তাহে মালদহ, মুর্শিদাবাদকে পিছনে ফেলে আক্রান্তের সংখ্যার নিরিখে শীর্ষস্থানে উঠে এসেছে উত্তর ২৪ পরগনা। পয়লা জানুয়ারি থেকে ২৬ জুন পর্যন্ত পাওয়া স্বাস্থ্যদফতরের রিপোর্ট থেকে এই তথ্য পাওয়া গিয়েছে। জানা গেছে, এপর্যন্ত রাজ্যে মোট ডেঙ্গু আক্রান্তের সংখ্যা প্রায় ১৪০০। আক্রান্তে শীর্ষে থাকা পাঁচ জেলা হল— উত্তর ২৪ পরগনা, মালদহ, মুর্শিদাবাদ, হুগলি এবং কলকাতা। এই পাঁচ জেলার প্রতিটিতেই মোট আক্রান্তের সংখ্যা একশো ছাড়িয়ে গিয়েছে।

---------------------------

উত্তর পশ্চিম বঙ্গোপসাগর সংলগ্ন ওড়িশা ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপকূলে ঘনীভূত নিম্নচাপ এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের সর্বত্রই বৃষ্টি হচ্ছে। গতকাল রাতভর দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হয়েছে। আজও সর্বত্র বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুত্‍ সহ বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে জানানো হয়েছে। ভারি বৃষ্টির সতর্ক বার্তায় রয়েছে দুই ২৪ পরগণা ও নদীয়ায়।

অন্যদিকে উত্তরবঙ্গেও ভারি থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস থাকছে।

সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আজও মাছ ধরতে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা রয়েছে।

এদিকে, বৃষ্টির ফলে তাপমাত্রাও বেশ খানিকটা কমেছে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা শূন্য দশমিক ৪ ডিগ্রি বেশি।

-----------------------------

দক্ষিণ ২৪ পরগণার মহরাহাটে ব্যবসায়ীকে গুলি করে কয়েক লক্ষ টাকা ছিনতাইয়ের অভিযোগে চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গেছে, অশোক ছাটুই নামে ঐ ব্যবসায়ীকে লক্ষ্য করে গত সন্ধ্যায় দুই দুষ্কৃতী দিঘিরপাড় বাজারের কাছে গুলি ছোঁড়ে। তার ডান হাতে গুলি লাগে। ব্যবসায়ীর কাছে থাকা কয়েক লক্ষ টাকা নিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা। স্থানীয় বাসিন্দারা তাকে উদ্ধার করে মহরাহাট ব্লক হাসপাতাল থেকে ডায়মন্ড হারবার মেডিকেল কলেজে নিয়ে যায়। তবে তার অবস্থা স্থিতিশীল। পুলিশ দোষীদের সন্ধানে তদন্ত শুরু করেছে।

-----------------------------

দুর্গাপুরে রাষ্ট্রায়ত্ত অ্যালয় স্টীল প্ল্যান্টে এস এম এস ইউনিটের ৩ নম্বর ফার্নেসে গতকাল আগুন লাগে। ল্যাডেল ফুট হয়ে গলিত লোহা বেরিয়ে এসে কেবল লাইনের উপর পড়ে। তা থেকে আগুন লেগে যায়। দমকলের তিনটি ইঞ্জিন আগুন নেভায়।

ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও জানা যায়নি। তবে, হতাহতের কোন খবর নেই। অগ্নিকান্ডের জেরে অবশ্য উৎপাদন কিছুক্ষণের জন্য ব্যাহত হয়। চারপাশ ধোঁয়ায় ঢেকে

যাওয়ায় আতঙ্কিত হয়ে পড়েন শ্রমিকরাও। তারা এই আগুনের জন্য কর্তৃপক্ষের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ এনেছে।

---------------------------

মোহনবাগান সুপার জায়ান্ট আজ  কলকাতা প্রিমিয়ার লীগে তাদের প্রথম ম্যাচে ভবানীপুর ক্লাবের বিরূদ্ধে খেলবে। ব্যারাকপুর ষ্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল তিনটেয়।

কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে মহামেডান স্পোর্টিং ও খিদিরপুর স্পোর্টিং ক্লাবের মধ্যে খেলাটি গতকাল অমীমাংসিতভাবে শেষ হয়েছে। মহামেডান স্পোর্টিং মাঠে এই ম্যাচে কোনো দলই গোল করতে পারেনি। মহামেডান স্পোর্টিং দু ম্যাচে পয়েন্ট চার।

কালীঘাট এম এস ও উযারী এ সি, র খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। ইউনাইটেড স্পোর্টস ২-১ গোলে এরিয়ানের বিরূদ্ধে জয়ী হয়েছে। সুরুচি সংঘ ও সদান সমিতির খেলায় গোল হয়নি।

-------------------------- ---------------------------